

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 07-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Assembly Saransabha :

অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের স্মরণসভা আজ বিধানসভার লবিতে সকাল ১১টা থেকে শুরু হবে। উপস্থিত থাকবেন বিধানসভার ভারপ্রাপ্ত অধ্যক্ষ রামপ্রসাদ পাল, কৃষিমন্ত্রী রতন লাল নাথ, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী ও মুখ্য সচিব কল্যাণী রায়।

Ashwini Vaishnav :

কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা, স্বাস্থ্যসেবা, শিক্ষা, কৃষি, উৎপাদন, শাসন এবং পরিকাঠামোর মতো ক্ষেত্রে একটি রূপান্তরকারী শক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে। শ্রী বৈষ্ণো জয়পুরে আয়োজিত কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলনে ভারুয়াল ভাবে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা কেবল ভবিষ্যতের প্রযুক্তি নয় বরং একটি শক্তিশালী হাতিয়ার যা ইতিমধ্যেই মানুষের জীবন এবং কাজের ধরণকে নতুন করে রূপ দিচ্ছে। তিনি ঘোষণা করেন যে আগামী মাসে ভারতে গ্লোবাল এআই ইমপ্যাক্ট সামিট অনুষ্ঠিত হবে।

Central Minister-Gomati :

কেন্দ্রীয় সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের গ্রামীণ এলাকার আর্থ-সামাজিক অবস্থা আরও শক্তিশালী করতে আন্তরিক প্রয়াস চালিয়ে যাচ্ছে। ত্রিপুরায় ত্রিস্তর গ্রাম পঞ্চায়েতে যেভাবে উন্নয়নের কর্মসূচি চলছে পাশাপাশি বহুমুখী উন্নয়নে মহিলারা যেভাবে সামনে এগিয়ে এসেছেন তাতে অবশ্যই আরো দ্রুত গ্রামীণ এলাকা সর্বাঙ্গীন বিকাশ হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সময়মতো স্বচ্ছতার সঙ্গে প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। গতকাল গোমতি জেলা সফরকালে তিনি একথা বলেন।

Ratan Lal Nath:

রাজ্য জুড়ে ৬০ টি নতুন বাজার নির্মাণে ১৫৮ কোটি টাকা ব্যয় করা হবে। গতকাল দক্ষিণ জেলার মনপাথর বাজারে একটি নতুন বাজার স্টল ও একটি দ্বি-তল বিশিষ্ট বাজার কমপ্লেক্সের উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতন লাল নাথ একথা বলেন।

একই দিনে মন্ত্রী শান্তিরবাজারে প্রাথমিক গ্রামীণ বাজারের অবকাঠামো উন্নয়নের কাজও উদ্বোধন করেন। পরে মন্ত্রী দক্ষিণ জেলার বীরচন্দ্র মনুতে অবস্থিত সেন্টার অফ এক্সিলেন্স, ভেজিটেবলস কেন্দ্রটি পরিদর্শন করে।

তিনি জানান গোটা দেশে এখন পর্যন্ত মোট ৬০টি সেন্টারের মধ্যে আমাদের রাজ্যে রয়েছে দুটি একটি সিপাহীজলার জুমেরতেপায় এবং অন্যটি দক্ষিণ জেলার বীরচন্দ্র মনুতে।

তিনি বলেন এই কেন্দ্রে ইজরায়েল ও ভারতীয় আধুনিক প্রযুক্তির মেলবন্ধনে সারা বছর বিভিন্ন প্রজাতির উন্নত মানের সবজি চারা উৎপাদন করা হয়,

পাশাপাশি সবজি চাষ করা হয়। বিশেষ করে মাটি ছাড়াই চারা উৎপাদনের অত্যাধুনিক প্রযুক্তি এখানে ব্যবহৃত হচ্ছে, যা সত্যিই প্রশংসনীয়।

State Level Festival :

আগামী মাসের প্রথম সপ্তাহে কমলপুরে রাজ্যভিত্তিক যাত্রা উৎসব অনুষ্ঠিত হবে। গতকাল তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য এই খবর জানিয়েছেন। তিনি জানান, যাত্রায় অংশ গ্রহণে ইচ্ছুক দলগুলিকে আগামী ২৭শে জানুয়ারির মধ্যে নাম জমা দিতে হবে।

CM Niramoy Arogya Abhijan :

মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের অঙ্গ হিসেবে গতকাল সিপাহীজলা জেলার ধনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে ধনপুর কমিউনিটি হলে এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মিঠু রানী দাস। ধনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক সীমন্তিকা দাস জানিয়েছেন, এই অভিযানে ধনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আওতাধীন মোট ৮টি এলাকায় মেগা স্বাস্থ্য শিবির করা হচ্ছে। এর লক্ষ্য হচ্ছে ৩০ বছরের বেশি বয়সের মানুষের উচ্চ রক্তচাপ, ব্লাড সুগার, থাইরয়েড, ক্যান্সারের মতো অসংক্রামক বিভিন্ন রোগের স্ক্রিনিং করার পাশাপাশি সাধারণ মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া।

Ornamental Fish Training :

মৎস্য চাষীদের আয় দ্বিগুন করার লক্ষ্যে গতকাল থেকে গোমতি জেলার উদয়পুরে তিনদিনব্যাপী রঙিন মাছের প্রজনন ও চাষ" বিষয়ের উপর

আউটরিচ প্রশিক্ষণ শুরু হয়েছে। →ডিবিটি-এনইআর অ্যাডভান্স লেভেল ইনস্টিটিউশনাল বায়োটেক হাব, কলেজ অফ ফিশারিজ, সেন্ট্রাল এগ্রিকালচারাল ইউনিভার্সিটি (ইম্ফল) ও লেঙ্গুছড়া কলেজের যৌথ উদ্যোগে উদয়পুরের ত্রিপুরা ফিশারিজ ট্রেনিং ইনস্টিটিউটে আয়োজিত এই কর্মশালায় গোমতি জেলার ২০ জন মৎস্যচাষী যোগ দেন।

Vijay Hazare :

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের খেলায় ত্রিপুরা ফের পরাজিত হয়েছে। আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় তামিলনাড়ু ৫৪ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Women's Cricket :

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের তৃতীয় খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। গুয়াহাটিতে অনুষ্ঠিত খেলায় গতকাল সিকিম ২৪ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather :

রাজ্যের সবকটি জেলাতে কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। পূর্বাভাসে আরও জানানো হয়েছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৯.২ ডিগ্রি সেলসিয়াস।
